অতি জরুরি
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

নং-৪২.০০.০০০০.০৪১.০১৪.০২.১৫ (অংশ-১)-৩৪৯ **তারিখ: ০৪ কার্তিক, ১৪২৪**
১৯ অক্টোবর, ২০১৭

বিষয় : গত ২৪-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৪-০৯-২০১৭ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ-এঁর সভাপতিত্বে ২০১৭-২০১৮ অর্থ-বছরের ১৮ সেপ্টেম্বর/ ২০১৭ পর্যন্ত উন্নয়ন প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

Rasel ১৯/১০/১৭.
(আবু ইউসুফ মোহাম্মদ রাসেল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ৯৫৭৭২৩৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন,পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ-যুগ্ম প্রধান, সেচ উইং)।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা। (দৃঃ আঃ মহাপরিচালক, কৃষি)।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। যুগ্ম প্রধান/ যুগ্ম সচিব (প্রশাসন/উন্নয়ন-১/উন্নয়ন-২/বাজেট ও অডিট), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মহাপরিচালক, ওয়ারপো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১১। প্রধান মনিটরিং, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। পরিচালক-৫, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
১৬। উপপ্রধান-১/২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, পাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১৯। সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।**
২০। সংশ্লিষ্ট নথি/মাস্টার নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-০৩

বিষয়: ২০১৭-১৮ অর্থবছরের এডিপি-তে অন্তর্ভুক্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ১৮ সেপ্টেম্বর/ ২০১৭ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ২৪-০৯-২০১৭ খ্রি. তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ এম.পি-র সভাপতিত্বে মন্ত্রণালয়ের আওতাধীন ২০১৭-১৮ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের মাসিক পর্যালোচনা সভা পানি উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় চলতি অর্থবছরের ১৮ সেপ্টেম্বর/ ২০১৭ পর্যন্ত এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সিনিয়র সচিব এবং মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২। উপস্থাপনা:

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি-তে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় ৭৬টি (৩টি কারিগরি সহায়তা প্রকল্পসহ) প্রকল্পের অনুকূলে থোক বরাদ্দসহ মোট ৪৬৭৪.৭১ কোটি টাকা (থোক ৮৫.৫০ কোটি টাকা) রয়েছে, তন্মধ্যে জিওবি ৩৫৭৯.৯৬ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ১০৯৪.৭৫ কোটি টাকা। ১ জুলাই, ২০১৭ হতে ১৮ সেপ্টেম্বর/ ২০১৭ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে অবমুক্তকৃত অর্থের পরিমাণ মোট ৫৭৫.৭৪৮৮ কোটি (জিওবি ৪৯৩.৪৭৮৮ কোটি ও প্রকল্প সাহায্য ৭৬.২৭ কোটি) টাকা যা মোট বরাদ্দের ১২.৩১%। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ২০.০০৭৫ কোটি (জিওবি ৬.২৬৪৭৫ কোটি ও প্রকল্প সাহায্য ১৩.৭৩ কোটি) টাকা যা মোট বরাদ্দের ০.৪২%। সভাকে আরো জানানো হয় যে, চলতি অর্থবছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তব অগ্রগতি হয়েছে ৫.০০% এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তব অগ্রগতি হয়েছে ০.০০%।

৩। আলোচনা ও সিদ্ধান্ত:

২০১৭-১৮ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের উপর আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে তুলে ধরা হলো:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা (সময়সীমা)
১.	সভাপতি বলেন, বিগত ১বছর ধরে পানি উন্নয়ন বোর্ডের সকল পওর বিভাগে বায়োমেট্রিক পদ্ধতিতে উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশ দেয়া হলেও এখনও তা বাস্তবায়ন করা হয়নি। সভাপতি অক্টোবর/২০১৭ মাসের মধ্যে সকল পওর বিভাগে বায়োমেট্রিক পদ্ধতিতে উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।	অক্টোবর/২০১৭ মাসের মধ্যে বাপাউবো-র সকল পওর বিভাগে বায়োমেট্রিক পদ্ধতিতে উপস্থিতি নিশ্চিত করতে হবে।	প্রধান (মনিটরিং), বাপাউবো (এক সপ্তাহ)
২.	যুগ্ম প্রধান বলেন, চলমান অর্থবছরে ৭টি প্রকল্প অনুমোদিত হয়েছে। প্রকল্পসমূহের কাজ শুরুর পূর্বে প্রকল্পের কোড প্রাপ্তি, প্রকল্প পরিচালক নিয়োগ, থোক বরাদ্দ প্রাপ্তি ইত্যাদি কাজ সম্পন্ন করতে হবে। সভাপতি প্রধান প্রকৌশলীগণকে এ বিষয়ে সকল উদ্যোগ গ্রহণের নির্দেশ প্রদান করেন।	অনুমোদিত নতুন প্রকল্পসমূহ যথাসময়ে শুরু করার লক্ষ্যে প্রশাসনিক বিষয়সমূহ দ্রুত সম্পাদন করতে হবে।	প্রধান প্রকৌশলীগণ (সংশ্লিষ্ট), বাপাউবো (যথাশীঘ্র)
৩.	'ঢাকা জেলার দোহার উপজেলায় আওরঙ্গাবাদ হতে ব্রাহাবাজার ঘাট পর্যন্ত পদ্মা নদীর বামতীর সংরক্ষণ' শীর্ষক প্রকল্পটি এ বছর সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত হবে কি না জানতে চাইলে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল বলেন, প্রকল্পের কাজটি যথাসময়ে বাস্তবায়নের জন্য কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার নারায়ণগঞ্জ ডক ইয়ার্ড এর সাথে আলোচনা অব্যাহত আছে। যদিও চ্যালেঞ্জ রয়েছে তথাপি যথাসময়ে প্রকল্প সমাপ্তির সকল উদ্যোগ তিনি গ্রহণ করবেন মর্মে সভাকে জানান। সভাপতি প্রকল্পটি এ বছর সমাপ্তির নির্দেশ দেন	'ঢাকা জেলার দোহার উপজেলায় আওরঙ্গাবাদ হতে ব্রাহাবাজার ঘাট পর্যন্ত পদ্মা নদীর বামতীর সংরক্ষণ' শীর্ষক প্রকল্পটি এ বছর সমাপ্ত করতে হবে এবং সমাপ্য প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।	প্রকল্প পরিচালক, ঢাকা জেলার দোহার উপজেলায় আওরঙ্গাবাদ হতে ব্রাহাবাজার ঘাট পর্যন্ত পদ্মা নদীর বামতীর সংরক্ষণ প্রকল্প। (যথাশীঘ্র)

	ও সমাপ্য প্রকল্পের তালিকায় এ প্রকল্প অন্তর্ভূক্তির নির্দেশ করেন।		
৪.	পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে ২২টি প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ডিপিএম পদ্ধতি অনুসরণপূর্বক বিভিন্ন সরকারি সংস্থাকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। এ সকল নিবিড়ভাবে মনিটরিং করা প্রয়োজন। সভাপতি প্রত্যেক মাসে বর্ণিত প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন যেমন: প্রকিউরমেন্ট প্ল্যান, বাস্তবায়ন অগ্রগতি, আর্থিক বিবরণ, মোবিলাইজেশন ইত্যাদি তথ্য মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশ প্রদান করেন।	পানি উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে যেসকল প্রকল্প ডিপিএম পদ্ধতি অনুসরণপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে তাদের অগ্রগতির প্রতিবেদন যেমন: প্রকিউরমেন্ট প্ল্যান, বাস্তবায়ন অগ্রগতি, আর্থিক অগ্রগতি, মোবিলাইজেশন ইত্যাদি তথ্য মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	প্রধান মনিটরিং, বাপাউবো (প্রতি মাসে)
৫.	প্রায়ই লক্ষ করা গেছে, বিভিন্ন এডিপি পর্যালোচনা সভায় পানি উন্নয়ন বোর্ড হতে আগত প্রতিনিধিগণ চাহিত তথ্য প্রদান করতে পারেন না। এতে সভায় আগমনের পূর্বে প্রস্তুতি গ্রহণে অভাব পরিলক্ষিত হচ্ছে যা মোটেই গ্রহণযোগ্য নয়। সভাপতি ভবিষ্যতে এডিপি সভায় আগমনের পূর্বে পূর্ণ প্রস্তুতি গ্রহণপূর্বক সভায় আসার নির্দেশ প্রদান করেন।	মাসিক এডিপি পর্যালোচনা সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের পূর্ণ প্রস্তুতি গ্রহণ করে আসতে হবে।	এডিপিপি পর্যালোচনা সভায় আমন্ত্রিত বাপাউবোর সকল কর্মকর্তা (যথাসময়ে)
৬.	পর্যালোচনা করে দেখা গেছে যে, মন্ত্রণালয় হতে অর্থ অবমুক্তির পর মাঠ পর্যায়ে অর্থ পৌঁছাতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয়। এ দীর্ঘসূত্রিতার জন্য প্রকল্প বাস্তবায়নে সমস্যার সৃষ্টি হচ্ছে। বোর্ড পর্যায়ে অর্থ অবমুক্তির দীর্ঘসূত্রিতা হ্রাস করা অপরিহার্য। সভাপতি বাপাউবো-র অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) কে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ প্রদান করেন। পাশাপাশি তিনি প্রত্যেক প্রধান প্রকৌশলীকে এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যসহ আগামী এডিপি পর্যালোচনা সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ দেন।	অর্থ অবমুক্তির দীর্ঘসূত্রিতা হ্রাস করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং মন্ত্রণালয় হতে কত তারিখে অর্থ অবমুক্তির জিও জারি করা হয়েছে, কত তারিখে অর্থ মাঠ পর্যায়ে পৌঁছেছে এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যসহ সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীগণকে আগামী এডিপি পর্যালোচনা সভায় উপস্থিত থাকতে হবে।	অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এবং প্রধান প্রকৌশলী (সকল) (আগামী এডিপি পর্যালোচনা সভায়)
৭	প্রকল্পসমূহ অনুমোদনের পর এডিপি বা আরএডিপিতে বরাদ্দ প্রদান করা হয়। এডিপি বা আরএডিপিতে বরাদ্দ প্রদান না করা গেলে থোক বরাদ্দ হতে অর্থ বরাদ্দ দেয়া হয়। এক্ষেত্রে বাপাউবো কর্তৃক বরাদ্দ অনুসারে টেন্ডার আহ্বান করা হয়। যুগ্ম প্রধান বলেন এডিপি/ আরএডিপি/ থোক বরাদ্দ যাই-ই থাকুকু না কেন ডিপিপি-তে উল্লিখিত কর্মপরিকল্পনা অনুযায়ী টেন্ডার আহ্বান করতে হবে। এতে ডিপিপি অনুসারে প্রকল্প বাস্তবায়িত হবে এবং যথাসময়ে প্রকল্প শেষ করা যাবে। সভাপতি ডিপিপিতে উল্লিখিত কর্মপরিকল্পনা অনুযায়ী টেন্ডার আহ্বানের নির্দেশ প্রদান করেন।	অনুমোদিত নতুন প্রকল্পের ক্ষেত্রে ডিপিপি-তে উল্লিখিত কাজ ও বরাদ্দ অনুযায়ী টেন্ডার আহ্বান করতে হবে।	সকল প্রকল্প পরিচালক, বাপাউবো (যথাসময়ে)
৮.	'মনু নদী সেচ প্রকল্পের আওতায় কাশিমপুর পাম্প হাউস পুনর্বাসন' শীর্ষক প্রকল্পের আওতায় Electric Sub-station নির্মাণের জন্য ডিপিপিতে ১৪ লক্ষ টাকা রয়েছে। কিন্তু উক্ত অর্থ দ্বারা এটি নির্মাণ করা সম্ভব নয়। কেননা, Electric Sub-station -এর ডিজাইন পরিবর্তন হয়েছে। এতে ব্যয় ৫২ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। মহাপরিচালক উক্ত অর্থ প্রকল্পের গাড়ি ক্রয়ের খাত হতে হ্রাস করে তা এ খাতে সমন্বয়ের প্রস্তাব করেন। সভাপতি গাড়ি ক্রয়ের সংস্থান বাদ না দিয়ে প্রয়োজনীয় অর্থ সংস্থানের জন্য প্রয়োজনে ডিপিপি সংশোধনের	'মনু নদী সেচ প্রকল্পের আওতায় কাশিমপুর পাম্প হাউস পুনর্বাসন' শীর্ষক প্রকল্পের ডিপিপি দ্রুত সংশোধন করতে হবে।	প্রকল্প পরিচালক, মনু নদী সেচ প্রকল্পের আওতায় কাশিমপুর পাম্প হাউস পুনর্বাসন প্রকল্প। (যথাশীঘ্র)